দৈনিক ইত্তেফাক

০৮

তারিখ: 01 JUL 1997
পৃষ্ঠা: ১ কলাম: ৫

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# ২৯ কোটি ৩৮ লক্ষ ৯৬ হাজার টাকার বাজেট ঘোষণা

চট্টগ্রাম ভার্সিটি রিপোর্টার ॥ গতকাল (সোমবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯৯৭-৯৮ আর্থিক বৎসরের

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

জন্য ২৯ কোটি ৩৮ লক্ষ ৯৬ হাজার টাকার বাজেট ঘোষণা করা হইয়াছে। ইহাতে ৪ কোটি ২ লক্ষ ৪১ হাজার টাকার ঘাটতি দেখানো হয়। তবে ১৯৯৭-৯৮ সনের মূল বাজেট বরাদ্দ ২৫ কোটি ৩৬ লক্ষ ৫৫ হাজার টাকা। ইহার মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন হইতে পাওয়া যাইবে ২৩ কোটি ৬৬ লক্ষ ৫৫ হাজার টাকা এবং বিশ্ববিদ্যালয় উৎস হইতে ১ কোটি ৭০ লক্ষ টাকা আয় হইবে।

বাজেট বরাদ্দের প্রায় ৭১ দশমিক ৮১ শতাংশ ব্যয় হইবে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা খাতে এবং ২৮ দশমিক ১৯ শতাংশ খরচ হইবে প্রশাসনিক ও অন্যান্য খাতে। গতকাল বিকাল ৩ টায় ভিসি অধ্যাপক আবদুল মান্নান-এর সভাপতিত্বে সিণ্ডিকেট ও ফিন্যান্স কমিটির যৌথ সভায় বিশ্ববিদ্যালয়ের হিসাব নিয়ামক বাজেট উত্থাপন করেন। উল্লেখ্য যে, সিনেটের কার্যক্রমের উপর আদালতের নিষেধাজ্ঞা থাকার কারণে ১৯৯৫ সনের পর হইতে সিনেটের অধিবেশন বন্ধ রহিয়াছে।

বাজেট উত্থাপন ছাড়াও এডিবির অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম ও পরিকল্পনার হিসাব সদস্যদের অবহিত করা হয়। এডিবি'র অন্তর্ভুক্ত ২টি একাডেমিক ভবন নির্মাণ, ফোর্ড ফাউণ্ডেশনের সহায়তায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের যাদুঘর উন্নয়ন, গ্রামীণ অর্থনৈতিক কার্যক্রম প্রকল্প, কাটা পাহাড়ের কাজ সম্পন্নকরণ ইত্যাদি।

### বর্ষাকালীন ছুটি

আজ মঙ্গলবার হইতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বর্ষাকালীন ছুটি শুরু হইতেছে। ইহার ফলে আগামী ১ মাস সকল ক্লাস বন্ধ থাকিবে।